

১। উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো : ১ x ৬ = ৬

(ক) WHO এর পুরো কথাটি হলো – World _____ Organization

উত্তর: WHO এর পুরো কথাটি হলো – World Health Organization

(খ) সংক্রামক রােগবিস্তারের প্রধান কারণগুলি নিয়ন্ত্রণের জন্য চাই –
_____ পানীয় জলের ব্যবস্থা।

উত্তর: সংক্রামক রােগবিস্তারের প্রধান কারণগুলি নিয়ন্ত্রণের জন্য চাই –
নিরাপদ পানীয় জলের ব্যবস্থা।

(গ) সার্বিক স্বাস্থ্যবিধানের মূল উদ্দেশ্য হলাে প্রতিটি পরিবারকে নির্মল,
দূষণহীন, রােগমুক্ত জীবাণুমুক্ত, স্বাস্থ্যসম্মত সবুজ সুন্দর _____ গড়ে
তােলা।

উত্তর: সার্বিক স্বাস্থ্যবিধানের মূল উদ্দেশ্য হলাে প্রতিটি পরিবারকে নির্মল, দূষণহীন,
রােগমুক্ত জীবাণুমুক্ত, স্বাস্থ্যসম্মত সবুজ সুন্দর পরিবেশ গড়ে তােলা।

(ঘ) কোনো দেশের _____ নির্ভর করে সেই দেশের জনসাধারণের
জীবনযাত্রার মান কত উন্নত তার উপরে।

উত্তর: কোনো দেশের উন্নয়ন নির্ভর করে সেই দেশের জনসাধারণের জীবনযাত্রার
মান কত উন্নত তার উপরে।

(ঙ) কেবলমাত্র শৌচাগারের ব্যবস্থা করলেই স্বাস্থ্য বিধানের উদ্দেশ্যে সফল হয়
না, সংক্রামক রােগের যে পদ্ধতি বা শৃঙ্খল তাকে ভাঙাই
হলো _____ মূল উদ্দেশ্য।

উত্তর: কেবলমাত্র শৌচাগারের ব্যবস্থা করলেই স্বাস্থ্য বিধানের উদ্দেশ্যে সফল হয় না, সংক্রামক রোগের যে পদ্ধতি বা শৃঙ্খল তাকে ভাঙাই হলাে স্বাস্থ্যবিধানের মূল উদ্দেশ্য।

(চ) ১৫-৪৯ বছর বয়সের মহিলাদের মধ্যে ৫৬.২ শতাংশ মহিলা _____ ভােগেন।

উত্তর: ১৫-৪৯ বছর বয়সের মহিলাদের মধ্যে ৫৬.২ শতাংশ মহিলা রক্তাল্পতায় ভােগেন।

বাকি প্রশ্নের উত্তরের জন্য ছাত্র ছাত্রীরা পুরো টেক্সটবুক টাকে ভালোমতো পড়ে নিজে করার চেষ্টা করো